

## প্রধানমন্ত্রীর সঙ্গে নেপালের উপ-প্রধানমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী বিমলেন্দ্র নিধির সাক্ষাৎ

জনাব বিমলেন্দ্র নিধি, নেপালের উপ-প্রধানমন্ত্রী তথা  
স্বরাষ্ট্রমন্ত্রী আজ সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র  
মোদির সঙ্গে।

জনাব বিমলেন্দ্র নিধি প্রধানমন্ত্রীকে নেপালের সাম্প্রতিক  
উন্নয়ন প্রসঙ্গে অবহিত করেন।

প্রধানমন্ত্রী বলেন, ভারত সম্পূর্ণরূপে বন্ধুত্ব এবং উভয়  
দেশের জনগণের মধ্যে পুরনো সম্পর্ক আরও জোরদার  
করতে অঙ্গীকারবদ্ধ। এবং নেপালের আর্থ-সামাজিক  
উন্নয়নের জন্য নেপাল সরকারকে সব রকম সাহায্য  
করবে।

নয়াদিল্লি

মার্চ ১৭, ২০১৭